গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/ ২৯ তারিখ: ২৩.০২.২০২৬ খ্রি.

**বিষয়: HSP-MIS সফটওয়্যারে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের পিতা-মাতা ব্যতীত অন্যান্য অভিভাবক হিসাবধারী শিক্ষার্থীদের পিতা/মাতার নামীয় হিসাবে পরিবর্তন এবং অন্যান্য অভিভাবকের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর হালনাগাদকরণ সংক্রান্ত।**

সূত্র: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৪; তারিখ: ১০.০২.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যারে বর্তমানে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও পিতা/মাতা ব্যতীত 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করেছে এবং তাদের নামে 'খোলা হিসাব নম্বর'-এ উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে উক্ত সফটওয়্যারে এন্ট্রি দিয়েছে এমন শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অভিভাবক হিসেবে পিতা/মাতা কে নির্বাচন এবং পিতা/মাতা অথবা শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর এন্ট্রি করে তথ্য হালনাগাদকরণ করা প্রয়োজন।

০২। **উল্লেখ্য যে , ইতঃপূর্বে যে সকল শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও তাদের NID নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি দেওয়া নেই শুধুমাত্র সেক্ষেত্রে পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও অভিভাবক হিসাবে ভাই/বোন অথবা অন্যান্য নির্বাচন করে তাদের NID এবং জন্ম তারিখ হালনাগাদ করে পেমেন্ট তথ্যে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংকিং (স্কুল ব্যাংকিং) হিসাব নম্বর এন্ট্রি করতে হবে। শিক্ষার্থী ব্যতীত অন্য কোন ব্যক্তির নামীয় হিসাব নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার কারণে সরকারের আর্থিক কোন ক্ষতি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।**

০৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অনতিবিলম্বে অবহিতকরণসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বর্ণিত কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

০৪। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অন্যান্য ব্যক্তিকে অভিভাবক এবং হিসাবধারী হিসাবে নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ/পরিবর্তন আগামী ০৮.০৩.২০২৬ তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে সংশোধন/হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

26/02/26

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩
ই-মেইল: hsp@pmeat.gov.bd

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।

০৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।

১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান। (নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো)

১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।